বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.০৯.০০২.২০.১৮৫

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

বিষয়: মাঠপর্যায়ে ড্রেজিং/ড্রেজিংব্যতিত অন্য কোন মাধ্যমে পুনরুদ্ধারকৃত ভূমির তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: গত ২৭.১০.২০২২খ্রিঃ পাসম এ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার নির্দেশনা।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৭.১০.২০২২খ্রিঃ অক্টোবর মাসের মাসিক সমন্বয় সভা পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সভাপতি মহোদয় বাপাউবো'র মাঠদপ্তরসমূহে চলমান ড্রেজিং কাজের মাধ্যমে বা ড্রেজিং ব্যতিত অন্য কোন মাধ্যমে ভূমি পুনরুদ্ধারের বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করার নির্দেশনা প্রদান করেন। মাঠদপ্তরসমূহে পুনরুদ্ধারকৃত ভূমির পরিমাণ, ভূমির বাজারমূল্য, পুনরুদ্ধারকৃত ভূমির মধ্যে কি পরিমাণ ভূমি আশ্রায়ন প্রকল্পে ব্যবহারের নিমিত্ত জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে, পুনরুদ্ধারকৃত ভূমির মধ্যেএখনও কি পরিমাণ ভূমি আশ্রায়ন প্রকল্পে ব্যবহারের নিমিত্ত জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির নিকট হস্তান্তরযোগ্য প্রভৃতি তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান করেছেন। সভাপতি মহোদয়ের নির্দেশনার আলোকে আপনার জোনের মাঠদপ্তরসমূহে ড্রেজিং/ড্রেজিংব্যতিত অন্য কোন মাধ্যমে পুনরুদ্ধারকৃত ভূমির তথ্য জোন সমন্বিত আকারে নিম্নোক্ত ছক মোতাবেক অত্র দপ্তরে প্রেরণ করে পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তরে সংযুক্তিসহ অনুলিপি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| পওর/পানি উন্নয়ন বিভাগের নাম | ড্রেজিং/অন্য কোন মাধ্যমে ভূমি পুনরুদ্ধার | পুনরুদ্ধারকৃত ভূমির পরিমাণ (একরে) | পুনরূদ্ধারকৃত ভূমির বর্তমান বাজারমূল্য (লক্ষ টাকা) | আশ্রায়ন প্রকল্পে ব্যবহারের জন্য হস্তান্তরিত ভূমির পরিমাণ (একরে) | বর্তমানে আশ্রায়ন প্রকল্পে ব্যবহারের জন্য হস্তান্তরযোগ্য ভূমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

৩০-১০-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০

প্রধান প্রকৌশলী, বাপাউবো,

রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.০৯.০০২.২০.১৮৫/১(১০)

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) প্রকল্প পরিচালক, সকল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩০-১০-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)